

**ইউনিট G**  
**কৃষি অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী**

মেমো নং ২৪৭/১৭/কৃঃঅনুঃ

তারিখঃ ২০-১১-২০১৭

**ভর্তি বিজ্ঞপ্তি**

**২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১মবর্ষ ইউনিট G (G-1, G-2) এর চূড়ান্ত ফলাফল ও  
ভর্তি বিজ্ঞপ্তি এবং অপেক্ষমান তালিকা**

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১মবর্ষ ইউনিট G (G-1, G-2), কৃষি অনুষদ এর ফলাফল অনুসারে গত ১৪-১১-২০১৭ ইং তারিখে উপস্থিত ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎকারের ভিত্তিতে চূড়ান্ত তালিকা নির্ধারণ করা হয়। সাক্ষাৎকার ও বিভাগ পছন্দক্রমের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে তাদের নামের বিপরীতে সংশ্লিষ্ট বিভাগে আগামী ০৩-১২-২০১৭ ইং তারিখ হতে ০৬-১২-২০১৭ ইং তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত তারিখের মধ্যে ভর্তি হতে না পারলে তাদের আসন শূন্য বলে গণ্য হবে। উক্ত শূন্য আসনগুলি ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে তাদের বিভাগ পছন্দক্রম অনুসারে অটো মাইগ্রেশন প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে। অটো মাইগ্রেশন শেষে বিভিন্ন বিভাগে শূন্য আসনের বিপরীতে অপেক্ষমান তালিকা থেকে পর্যায়ক্রমে ভর্তি করা হবে।

**ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও করণীয়ঃ**

- ক) অন-লাইনে পূরণকৃত ০২ (এক) কপি প্রিন্টেড ফরম (A4 সাইজের অফসেট কাগজ)
- খ) এস.এস.সি ও এইচ.এস.সি এর মূল নম্বরপত্র (বিভাগে ১ বছর জমা থাকবে)
- গ) এইচ.এস.সি এর মূল রেজিস্ট্রেশন কার্ড (বিভাগে ১ বছর জমা থাকবে)
- ঘ) ভর্তি পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র
- ঙ) একটি Legal Size-এর খাকি খাম
- চ) অন-লাইনে ভর্তি ফরম পূরণ ও ভর্তি ফিস প্রদানের বিস্তারিত নিয়মাবলী <http://admission.ru.ac.bd> - তে পাওয়া যাবে।
- ছ) বিভাগীয় ফি প্রদান সংক্রান্ত তথ্যাবলী স্ব স্ব বিভাগ থেকে জেনে নিতে হবে।

উল্লেখ্য, যে কোনো ধরনের ভুল সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

**স্বাক্ষরিত**  
(প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম)  
চীফ কো-অর্ডিনেটর, ইউনিট G  
ও  
ডীন, কৃষি অনুষদ  
রাজশাহী বিশ্ববিদ্যালয়